## "নিলাম বিজ্ঞপ্তি"

### অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারার বিধান মতে

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

### ঋন ডিক্রীজারী মোকদ্দমা নং-২৩/২০২২

সোনালী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখার পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ), সাং-২৬০, বঙ্গবন্ধু সড়ক, চাষাড়া, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

------ডিক্রীদার।

বনাম

১। মেসার্স রাইম এ্যাটায়ার্স লিঃ পক্ষে উহার ব্যবস্থাপনা পরিচালক-আমিনুল ইসলাম ইকবাল, পিতা- এ.কে.এম আবুল হোসেন।

২। মিসেস শিরীন হাসান, স্বামী-জাহাঙ্গীর হাসান, চেয়ারম্যান-মেসার্স রাইম এ্যাটায়ার্স লিঃ।

৩। আমিনুল ইসলাম ইকবাল, পিতা- এ.কে. এম আবুল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক-মেসার্স রাইম এ্যাটায়ার্স লিঃ, সর্ব সাং-৬৭ নতুন চাষাড়া, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

৪। মোঃ আক্তার উজ্জামান, পিতা-মৃত এ.এফ.এম ময়েজ উদ্দিন, পরিচালক-মেসার্স রাইম এ্যাটায়ার্স লিঃ, সাং- (ক) ৮২ নং খানপুর ব্রাঞ্চ রোড, থানা ও জেলা-নারায়ণগঞ্জ। সাং (খ) ৬৭ উত্তর চাষাড়া, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

৫। মোঃ আবদুল্লাহ আল মামুন, পিতা-মৃত আব্দুল মতিন, পরিচালক-মেসার্স রাইম এ্যাটায়ার্স লিঃ, সাং- (ক) ৭৩/২ খানপুর নর্থ, থানা ও জেলা-নারায়ণগঞ্জ। সাং (খ) ৬৭ উত্তর চাষাড়া, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

৬। মোঃ মাজাহারুল ইসলাম, পিতা- আব্দুল আউয়াল, পরিচালক-মেসার্স রাইম এ্যাটায়ার্স লিঃ, সাং-(ক) ৬৭ উত্তর চাষাড়া, থানা ও জেলা-নারায়ণগঞ্জ, (খ) ৮২ নং খানপুর ব্রাঞ্চ রোড, থানা ও জেলা-নারায়ণগঞ্জ, (গ) মহিমাগঞ্জ, থানা-সাঘাটা, জেলা-গাইবান্ধা।

৭। মোঃ আবুল হোসেন (জামিনদাতা), পিতা- মৃত আব্দুল আজিজ, সাং-(ক) ৬৭ উত্তর চাষাড়া, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

----- দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য ৯০,০৬,৪৭১.০০ টাকা, ৩১/১২/২০২১ ইং হইতে ৩১/০১/২০২৫ ইং পর্যন্ত সুদ ৩৩,৮৩,৪৩০.৯৫ টাকা, অন্যান্য খরচ ৬৬,০৬৭.০০ টাকা, সর্বমোট পাওনা ১,২৪,৫৫,৯৬৮.৯৫ টাকা। এমতাবস্থায় নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ-এ রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৮/৫/২৫ ইংরেজী তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

### নিলামের শর্তাবলী

১) আগামী ২৮/৫/২৫........ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩) নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪) প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুধর্ক্ষ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ **মোকাম-বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫) দরদাতা অনুধর্ক্ষ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুধর্ক্ষ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নবক্ষই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তা করতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬) দর দাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ২৮/৫/২৫ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯) উপরে বর্ণিত ক্রমিক নং-৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমম্বয় করিবে এবং আদালত দ্বিতীয়

CS CamScanner

সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তি গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১) দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩) সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪) আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।

১৫) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

**<u>তফসিল</u>**

জেলা-নারায়ণগঞ্জ, থানা-ফতুল্লা, মৌজা-চাষাড়া, জে.এল নং সি.এস-১৮৯, এস.এ ৪৭, আর.এস-৩৬।

| খতিয়ান নং | দাগ নং | পরিমান |
|---|---|---|
| সি.এস-৩২<br>এস.এ-০৯<br>আর.এস-১০, ৯৯ | সি.এস ও<br>এস.এ-১৬<br>আর.এস-৬৫,৬৬,৬৭ | ৪.০৫ শতাংশ (চার দশমিক শুন্য পাঁচ শতাংশ)। |

আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ
অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

CamScanner